

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০৩]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৬: যুহরের সালাতের শেষ সময়

آخر وقت الظهر

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ حُرَيْثٍ، قَالَ: أَنْبَأَنَا الْفَضْلُ بْنُ مُوسَى، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: هَذَا جَبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ جَاءَكُمْ يُعَلِّمُكُمْ دِينَكُمْ، فَصَلَّى الصُّبْحَ حِينَ طَلَعَ الْفَجْرُ وَصَلَّى الظُّهْرَ حِينَ زَاغَتِ الشَّمْسُ، ثُمَّ صَلَّى الْعَصْرَ حِينَ رَأَى الظِّلَّ مِثْلَهُ، ثُمَّ صَلَّى الْمَغْرِبَ حِينَ غَرَبَتِ الشَّمْسُ وَحَلَّ فِطْرُ الصَّائِمِ، ثُمَّ صَلَّى الْعِشَاءَ حِينَ ذَهَبَ شَفَقُ اللَّيْلِ، ثُمَّ جَاءَهُ الْغَدُ فَصَلَّى بِهِ الصُّبْحَ حِينَ أَصْفَرَ قَلِيلًا، ثُمَّ صَلَّى بِهِ الظُّهْرَ حِينَ كَانَ الظِّلُّ مِثْلَهُ، ثُمَّ صَلَّى الْعَصْرَ حِينَ كَانَ الظِّلُّ مِثْلِيهِ، ثُمَّ صَلَّى الْمَغْرِبَ بِوَقْتٍ وَاحِدٍ حِينَ غَرَبَتِ الشَّمْسُ وَحَلَّ فِطْرُ الصَّائِمِ، ثُمَّ صَلَّى الْعِشَاءَ حِينَ ذَهَبَ سَاعَةٌ مِنَ اللَّيْلِ، ثُمَّ قَالَ: الصَّلَاةُ مَا بَيْنَ صَلَاتِكَ أَمْسٍ وَصَلَاتِكَ الْيَوْمَ .

তখরিজ দারالدعوহ: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٥٠٨٥) (حسن)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 503 - حسن

বাংলা

৫০২. হুসায়ন ইবনু হুরয়স (রহ.) আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ইনি জিবরীল আলায়হিস্ সালাম যিনি তোমাদেরকে দীন শিক্ষা দেয়ার জন্যে এসেছিলেন। তিনি উষা (ফজর) উদিত হলে ফজরের সালাত আদায় করেন। যুহরের সালাত আদায় করেন সূর্য ঢলে পড়লে, তারপর আসরের সালাত আদায় করেন যখন ছায়া তাঁর সমান দেখতে পান। অতঃপর যখন সূর্য অস্তমিত হলো, আর সায়িমের

(রোযা পালনকারীর) জন্যে ইফতার করা হালাল হল তখন মাগরিবের সালাত আদায় করেন। তারপর 'ইশার সালাত আদায় করেন সূর্য অস্তমিত হওয়ার পর যে লালিমা দেখা যায় তা অদৃশ্য হওয়ার পর। জিবরীল আলায়হিস্ সালাম আবার পরেরদিন আসলেন এবং নবী (সা.) -কে সাথে নিয়ে ফজরের সালাত আদায় করলেন যখন কিছুটা ফর্সা হলো তখন। পরে তাকে নিয়ে যুহরের সালাত আদায় করেন যখন ছায়া তার সমান হলো। তারপর আসরের সালাত আদায় করেন যখন ছায়া তাঁর দ্বিগুণ হলো। পরে মাগরিবের সালাত একই সময়ে পূর্বের দিনের ন্যায় আদায় করেন। সূর্য যখন অস্তমিত হল এবং সায়িমের জন্যে ইফতার করা হালাল হলো। এরপর রাতের কিছু অংশ অতিবাহিত হয়ে গেলে 'ইশার সালাত আদায় করেন। পরে তিনি বলেন, আপনার আজকের সালাত এবং গতকালের সালাতের মধ্যবর্তী সময়ই হল সালাতের সময়।

English

6. The End Of The Time For Zuhr

It was narrated that Abu Hurairah said: The Messenger of Allah (ﷺ) said: This is 'Jibril, peace be upon you, he came to teach you your religion. He prayed Subh when the dawn appeared, and he prayed Zuhr when the sun had (passed its zenith), and he prayed 'Asr when he saw that the shadow of a thing was equal to its height, then he prayed Maghrib when the sub had set and it is permissible for the fasting person to eat. Then he prayed 'Isha' when the twilight had disappeared. Then he came to him the following day and prayed Subh when it had got a little lighter, then he prayed Zuhr when the shadow of a thing was equal to its height, then he prayed 'Asr when the shadow of a thing was equal to twice its height, then he prayed Maghrib at the same time as before, then he prayed 'Isha' when a short period of the night had passed. Then he said: 'The prayer is between the times when you prayed yesterday and the times when you prayed today.'

ফুটনোট

সহীহ: নাসায়ী'র “সুনানুল কুবরা” ১৪৯৩, ইওয়াউল গালীল ১/২৬৮-২৬৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=86775>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন